বাংলাদেশ ও বঙ্গবন্ধু একে ওপরের পরিপূরক

কুষ্টিয়া জেলা পরিষদের চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা হাজী রবিউল ইসলাম বলেছেন, মুক্তিযোদ্ধা মানেই বঙ্গবন্ধু এবং বঙ্গবন্ধু মানেই মুক্তিযোদ্ধা।

তিনি বলেন, বাংলাদেশ ও বঙ্গবন্ধু একে ওপরের পরিপূরক। একটিকে বাদ দিয়ে অন্যটিকে কল্পনা করা যায় না। তিনি ছিলেন স্বাধীনতার প্রতীক ও খাঁটি দেশপ্রেমিক। তিনি বাংলার মাটি ও মানুষের জন্য অকাতরে নিজের জীবন বিলিয়ে দিয়েছিলেন। বাংলার জনগণের ভাগ্যোন্নয়নের জন্য আজীবন সংগ্রাম করেছেন।

শনিবার বিকেলে কুষ্টিয়া পাবলিক লাইব্রেরী মাঠে মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে কুষ্টিয়া জেলা পরিষদ আয়োজিত মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি আরও বলেন, বিশ্বব্যাপী বঙ্গবন্ধুর পরিচিতি হচ্ছে একজন রাজনীতিবিদ হিসেবে। দেশ বরেণ্য, বিশ্ব বরেণ্য রাজনীতিবিদ। মানব প্রেমী, অনন্য সাধারণ একজন রাজনীতিবিদ যিনি তাঁর জীবদ্দশায় নির্যাতিত-নিপীড়িত, নিষ্পেষিত বাঙালি নামক একটি জনগোষ্ঠীকে চির দিনের জন্য স্বাধীন করে গেছেন। বাংলাদেশের স্বাধীনতার ইতিহাস যতদিন থাকবে ততদিন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অম্লান থাকবেন বলেও জানান তিনি।

তিনি আরও বলেন, ‘আমাদের আগামী প্রজন্মকে মুক্তিযোদ্ধাদের ত্যাগ ও বীরত্বের কাহিনী জানাতে হবে। একইভাবে হানাদার ও তাদের দোসর রাজাকার, আল-বদর, আল শামসের হত্যা, নারী নির্যাতন, নিপীড়ন আর তাদের পৈশাচিকতা সম্পর্কেও জানাতে হবে। যাতে করে তারা উভয়পক্ষের কথা জেনে সামগ্রিক মুক্তিযুদ্ধকে বুঝতে পারে। না হলে তারা মুক্তিযোদ্ধাদের আত্মত্যাগ আর বীরত্বের কথা ভুলে যাবে।’

বীর মুক্তিযোদ্ধারা জাতির শ্রেষ্ঠ সন্তান উল্লেখ করে তিনি আরও বলেন, বীর মুক্তিযোদ্ধাদের জীবনযাপন সুন্দর ও সচ্ছল করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা মুক্তিযোদ্ধাদের ভাতা মাসিক ৩০০ টাকা থেকে ক্রমে ক্রমে বৃদ্ধি করে মাসিক ২০,০০০টাকা নির্ধারণ

করেছেন।

ঈদ বোনাস ও উৎসব ভাতাসহ বিভিন্ন সুযোগ সুবিধা প্রদানের ব্যবস্থা করেছেন। এছাড়া বিজয় দিবস, স্বাধীনতা দিবস সহ বিভিন্ন দিবসে মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষ থেকে পঙ্গু মুক্তিযোদ্ধাদের খোঁজ নেন, কুশলাদি বিনিময় করেন।

কুষ্টিয়া জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মুন্সী মোঃ মনিরুজ্জামানের সভাপতিত্বে আলোচনায় অংশ নেন স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃনাল কান্তি দে, কুষ্টিয়া সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি অ্যাডভোকেট আসম আখতারুজ্জামান মাসুম, জেলা শিক্ষা অফিসার মোঃ জায়েদুর রহমান, কুষ্টিয়া মডেল থানার ওসি (অপারেশন) শফিকুল ইসলাম।

কুষ্টিয়া জেলা পরিষদ আয়োজিত এ অনুষ্ঠানে মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ করে বক্তব্য রাখেন কুষ্টিয়া শহর আওয়ামী লীগের সভাপতি তাইজাল আলী খান, জেলা মুক্তিযোদ্ধা সংসদের সাবেক ডেপুটি কমান্ডার আলহাজ্ব রফিকুল আলম টুকু ও সদর উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের সাবেক কমান্ডার মোশাররফ হোসেন।

স্মৃতিচারন করে মুক্তিযোদ্ধারা বলেন, স্বাধীনতার ৫০ বছরে প্রাকৃতিক নিয়মেই অগণিত বীর মুক্তিযোদ্ধা পরলোকগমন করেছেন। বয়সের হিসাব করলে আগামী ২০ বছর পর জীবিত বীর মুক্তিযোদ্ধার সংখ্যা নাও থাকতে পারে।

আগামী প্রজন্ম মুক্তিযুদ্ধের সময়কার অসংখ্য মূল্যবান ঘটনাবলী মুক্তিযোদ্ধাদের নিকট থেকে সরাসরি শোনার সুযোগ থেকে বঞ্চিত হবে। তখন হয়তোবা পত্রিকা ম্যাাগজিন পড়ে কিংবা আগামী প্রজন্মকে মুক্তিযুদ্ধ ও মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল ইতিহাস স্থানীয় বীর মুক্তিযোদ্ধাদের মুখেন কথাগুলো ভিডিও আকারে শুনতে হবে।

সভাপতির বক্তব্যে কুষ্টিয়া জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মুন্সী মোঃ মনিরুজ্জামান বলেন, ব্যক্তি, পরিবারের স্বার্থকে জলাঞ্জলি দিয়ে জাতিকে একটি স্বাধীন রাষ্ট্র উপহার দেওয়ার দৃঢ় সংকল্পে মুক্তিযোদ্ধারা যুদ্ধে নেমেছিলেন। তাদের আত্মত্যাগের বিনিময়ে অর্জিত স্বাধীনতা রক্ষায় সকলকে সম্মিলিতভাবে কাজ করতে হবে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কুষ্টিয়া জেলা পরিষদের সদস্য

মোহাম্মদ আলী জোয়ার্দ্দার। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন কবি কনক চৌধুরী। অনুষ্ঠান শেষে ২০জন বীর মুক্তিযোদ্েধোক প্রত্যেককে দুই হাজার টাকা ও ফুলেল শুভেচ্ছা তুলে দেন অতিথিবৃন্দ।

পরে সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে সঙ্গীত পরিবেশন করেন কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমীর শিল্পীরা।

কোটচাঁদপুরে বিএনপি’র বিক্ষোভ সমাবেশ

ঝিনাইদহের কোটচাঁদপুরে চাল, ডাল, তেল, গ্যাসসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির প্রতিবাদে এবং টিসিবির মাধ্যমে সহনীয় মূল্যে গ্রাম-শহর সহ সর্বত্র জনসাধারণের মধ্যে পণ্য সরবরাহের দাবিতে বিএনপি’র বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকালে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসাবে কোটচাঁদপুর থানা ও পৌর বিএনপির আয়োজনে মেইন বাজার চত্তরে পৌর বিএনপির কার্যালয়ের সামনে এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

উপজেলা বিএনপি’র সভাপতি মোঃ আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে সমাবেশে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সিনিয়র সদস্য মোঃ আবুবকর বিশ্বাস।

সভায় প্রধান বক্তা ছিলেন, পৌর বিএনপির সভাপতি ও সাবেক মেয়র এস.কে.এম সালাহ্উদ্দিন বুলবুল সিডল। উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক লিয়াকত আলীর সঞ্চালনায় সমাবেশে বক্তব্য রাখেন, উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান ও এলাঙ্গী ইউনিয়ন বিএনপি’র সভাপতি মোঃ ইকরামুল হক, উপজেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক হারুন-অর রশিদ, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম, সাংগঠনিক সম্পাদক মীর্জ টিপু, পৌর বিএনপি নেতা মোঃ মমিন মনোয়ার, উপজেলা যুবদলের আহ্বায়ক আশরাফুজ্জামান খাঁন মুকুল, যুবদল নেতা রিপন শেখ, ইউনিয়ন বিএনপির সভাপতি আশরাফ আলী, ছাত্র নেতা নাসির উদ্দিন লিয়ন, শাওন খাঁন, ফায়াত আল-জাবির প্রমূখ।

বক্তারা বলেন, চাল, ডাল, তেল, গ্যাসসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধিতে মানুষের জীবন-জীবিকা হুমকির মূখে পড়েছে।

এসময় তারা সরকারের সীমাহীন দূর্ণীতি, ভুলনীতি ও ব্যার্থতার দায়ে অবিলম্বে পদত্যাগ করে গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠা করার আহ্বান জানান। না হলে, বিএনপি’র নের্তৃত্বে সারা দেশের মানুষ ঐক্যবদ্ধ হয়ে এ সরকারের বিরুদ্ধে রুখে দাঁড়াবে বলে হুশিয়ারী দেন।

এসময় উপজেলা এবং পৌর বিএনপি ও অঙ্গ সংগঠনের বিভিন্ন নেতা- কর্মীরা উপস্থিত ছিলেন। বিক্ষোভ সমাবেশ শেষে নেতা-কর্মীরা স্লোগান দিয়ে মিছিল নিয়ে গেলে পুলিশের বাধার মুখে তা পন্ড হয়ে যায়।

গাংনীর কাজীপুরে প্রবাস ফেরৎ ছেলের হামলায় পিতা মাতা রক্তাক্ত জখম

নারিকেল গাছের ডাল (ডাইগু) কাটতে নিষেধ করাই প্রবাস ফেরৎ কুলাঙ্গার ছেলে ও তার স্ত্রী মিলে বৃদ্ধ পিতা ও মাতাকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে রক্তাক্ত করেছে।

আহত পিতা গোলাম মোস্তফা (৫৫) ও মাতা মাসুরা খাতুন (৫০) আহতাবস্থায় গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন। শনিবার দুপুরের দিকে গাংনী উপজেলার কাজীপুর মাঠপাড়া এলাকায় এ রক্তপাতের ঘটনা ঘটে।

আহত, গোলাম মোস্তফা জানান, আমার লাগানো একটি নারিকেল গাছের ডাল কেটে তছরুপাত করে আমার পুত্র মইনাল হোসেন। আমি তাকে ডাল কাটতে নিষেধ করাই সে আমাকে মারপিট শুরু করে।

এসময় আমার স্ত্রী মাসুরা খাতুন ঠেকাতে আসলে তাকেও মারপিট শুরু করে। পরে তার স্ত্রী শিখা খাতুন তাকে ধারালো অস্ত্র তুলে দিলে

সে আমাদের দুজনকেই ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে আমার মাথা, কপাল, হাতের আঙ্গুল ও শরীরের বিভিন্ন স্থানে ক্ষত করে। এসময় আমার স্ত্রী মাসুরাকে কুপিয়ে রক্তাক্ত জখম করেছে। আমার স্ত্রীর মাথা ও হাতের আঙ্গুল কেটে গেছে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমেপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক জানান, দুজনরেই মাথা ও হাতসহ শরীরের বিভিন্ন স্থানে ধারাল অস্ত্রের আঘাতের ক্ষত রয়েছে। তারা হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

ইরাক প্রবাস ফেরৎ কুলাঙ্গার ছেলে মইনুল হোসেন অভিযোগ করেন, আমার সৎ মাসুরা খাতুন আমার গম চুরি করেছে। সে আমার স্ত্রীকেও মারধর করে থাকে।

আজকে সে আমার উপর হামলা করলে তাদের আমি ও আমার চাচাত ভাই শিপন মিলে মারধর করেছি। মামলা করলে তার মামলার মোকাবেলা করবো আমরা।

মেহেরপুরে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে আলোচনা সভা

মেহেরপুরে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে মেহেরপুর জেলা পরিষদের আয়োজনে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

আজ শনিবার সকালে মেহেরপুর জেলা পরিষদ চত্বরে এ আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।
স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোহাম্মদ মোজাহিদুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন,মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান মোঃ গোলাম রসূল।

মেহেরপুর জেলা পরিষদের ইঞ্জিনিয়ারিং সহকারী জাহিদ হাসানের সঞ্চালনায় আরো বক্তব্য রাখেন, বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন আঃ

মালেক, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার জিল্লুর রহমান, জেলা পরিষদের সদস্য ও প্যানেল চেয়ারম্যান মোঃ তৌহিদ মোরশেদ আলম।

এ সময় জেলা পরিষদের সদস্য নার্গিস সুলতানা, সহকারী প্রকৌশলী মুজিবুর রহমান, চেয়ারম্যানের গোপনীয় সরকারি শাহীন ইকবাল সহ জেলা পরিষদের অন্যান্য কর্মকর্তা ও মুক্তিযোদ্ধাগণ উপস্থিত ছিলেন। পরে সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে আয়োজনের সমাপ্তি হয়।

গাংনীতে বিএনপির সমাবেশ অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে প্রতিবাদী সমাবেশ করেছে বিএনপি। চাল, ডাল, তেল, গ্যাসসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্যের দর বৃদ্ধির প্রতিবাদে এ সমাবেশের আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা বিএনপি সিনিয়র সহ সভাপতি জাভেদ মাসুদ মিল্টনের কার্যালয়ে আয়োজিত এ সমাবেশে বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপির সিনিয়র সহ সভাপতি জাভেদ মাসুদ মিল্টন। উপজেলা বিএনপি সভাপতি রেজাউল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন উপজেলা বিএনপি সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল ও মনিরুজ্জামান গাড্ডু, সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, জেলা যুবদল সিনিয়র সহ সভাপতি আব্দাল হক, পৌর বিএনপির সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলা, ষোলটাকা ইউনিয়ন বিএনপি সাধারণ সম্পাদক কামরুল ইসলাম, উপজেলা যুবদল আহবায়ক চপল বিশ্বাস, সদস্য সচিব জাহিদুল ইসলাম, পৌর যুবদল আহবায়ক সহিদুল ইসলাম, সদস্য সচিব ইনামুল হকসহ নেতৃবৃন্দ।

মেহেরপুরে ইয়াবাসহ ব্যাংক কর্মকর্তা আটক

মেহেরপুর শহরের স্টেডিয়াম পাড়ায় ইয়াবাসহ মোস্তফা মনোয়ার নামের এক ব্যাংক কর্মকর্তাকে আটক করেছে পুলিশ। শুক্রবার দিবাগত রাতে স্টেডিয়াম পাড়ার ভাড়া বাসা থেকে ৫২ পিস ইয়াবাসহ ওই ব্যংক কর্মকর্তাকে আটক করে পুলিশ।

মোস্তফা মনোয়ার মুজিবনগর উপজেলার দারিয়াপুর কৃষি ব্যাংকে কর্মরত আছেন। পুলিশ জানায়, বাড়ির মালিক পুলিশকে ফোন দিয়ে জানান তার বাড়ির ভাড়াটিয়া বাড়িতে অন্যের মটরসাইকেল ভাংচুর করছে। এমন খবরে পুলিশ ঘটনাস্থলে এসে জানতে পারে সে নেশাগ্রস্ত অবস্থায় এমন ঘটনা ঘটিয়েছে। পরে তার রুমের ভিতরে তল্লাশি করে ৫২ পিস ইয়াবা ইয়াবা সেবনের সরঞ্জাম উদ্ধারসহ তাকে আটক করে।

বাগোয়ান ইউপি উদ্যোগে টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিসৌধে শ্রদ্ধাঞ্জলি অর্পণ

অগ্নিঝরা মার্চ মাসে মুজিবনগর উপজেলার তিন নম্বর বাগোয়ান ইউনিয়ন পরিষদের উদ্যোগে পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেনের নেতৃত্বে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধুর সমাধিসৌধে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হয়েছে।

শুক্রবার সকাল সাড়ে দশটার সময় এই শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হয়। এ সময় বঙ্গবন্ধু সহ সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করা হয়।

গত বৃহস্পতিবার রাত্রে মুজিবনগর থেকে রওনা হয়। শুক্রবার সকালে বঙ্গবন্ধুর সমাধিসৌধে শ্রদ্ধা অর্পন করেন ইউপি চেয়ারম্যানসহ

সদস্যবৃন্দ।

এসময় বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৬ নং ওয়ার্ড সদস্য ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক বাবুল মল্লিক,উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক ও ইউপি সদস্য সোহরাব উদ্দিন,ইউপি সদস্য রকিবউদ্দিন, ওমর ফারুক, রিপন, সিবাস্তিন মন্ডল সহ বাগোয়ান ইউনিয়ন পরিষদের সকল ইউপি সদস্য সংরক্ষিত মহিলা সদস্য এবং গ্রামপুলিশের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান

ঝিনাইদহ সদর উপজেলার কালীচরণপুর ইউনিয়নে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গত বৃহস্পতিবার রাতে ইউনিয়ন পরিষদ চত্তরে এ আয়োজন করা হয়।

এসময় কালীচরণপুর ইউনিয়ন পরিষদরে চেয়ারম্যান জাহাঙ্গীর আলম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কালীচরণপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মুন্সী আব্দুস সাত্তার।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন মুক্তিযোদ্ধা দলীল উদ্দীন বিশ্বাস। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কালীচরণপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ মনোয়ার হোসেন, সদর উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ডাঃ আব্দুল মজিদ, মুক্তিযোদ্ধা আজিজুর রহমান তিতু, লুৎফর রহমান, মোফাজ্জেল হোসেন, রফিক দাদ রেজা, হাজের আলী মন্ডল, কালীচরণপুর ইউনিয়ন আওয়ামী লীগের সহ-সভাপতি মুদাচ্ছের হোসেন, সমাজ সেবক এম এ গফুর প্রমুখ।

আলোচনা সভায় মুক্তিযুদ্ধের চেতনা, স্মৃতিচারণ, বীরত্বগাথা এবং

মুক্তিযুদ্ধে বঙ্গবন্ধুর অবদান সম্পর্কে গুরত্বপূর্ণ বিষয় তুলে ধরা হয়। পরে মনোঙ্গ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ঝিনাইদহে জৈব কৃষি মেলা ও গ্রুপ ডিসকাশন কর্মশালা অনুষ্ঠিত

ঝিনাইদহে জৈব কৃষি মেলা ও কৃষক-কৃষাণীদের নিয়ে গ্রুপ ডিসকাশন কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার দিনব্যাপী জেলার কালীগঞ্জ উপজেলার মহেশ্বরচাঁদা সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে কৃষি গবেষণা ফাউন্ডেশনের সহযোগীতায় এ কর্মশালার আয়োজন করে কালীগঞ্জের কার্ড মহিলা সমিতি।

কর্মশালায় যশোর আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্রে মূখ্য বৈজ্ঞানিত কর্মকর্তা ড. কাওসার উদ্দিন আহম্মদ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিএই এর সাবেক মহাপরিচালক ও কৃষি মন্ত্রণালয়ের এপিএ পুল সদস্য হামিদুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক আজগার আলী, জেলা প্রশিক্ষণ অফিসার বিজয় কৃষ্ণ হালদার, সদর উপজেলা কৃষি অফিসার জাহিদুল করিম, কার্ড মহিলা সমিতির সভানেত্রী বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার প্রাপ্ত কৃষাণী মর্জিনা বেগম।

এছাড়াও সেখানে প্রদর্শণ করা হয় জৈব পদ্ধতিতে উৎপাদিত কৃষি পণ্য। কৃষাণ-কৃষাণীদের বাড়ির আঙিনা ও মাঠে কীটনাশক ছাড়া উৎপাদিত শাক-সবজির প্রদর্শণ করা হয়। উপজেলার বিভিন্ন এলাকার কৃষাণ-কৃষাণীরা তাদের উৎপাদিত পণ্যের পসরা বসায় সেখানে। অনুষ্ঠানের আলোচনা শেষে অতিথিরা বিভিন্ন স্টল পরিদর্শণ করেন।

[redacted]

[redacted]

তাহলে তারা কি ভাবে বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সকল ওয়ার্ড কমিটি গঠন করতে পারে? এবং সেই মঞ্চে নৌকার বিপক্ষে বিজয়ী চেয়ারম্যানও ছিলো।

আপনারা এটাও দেখেছেন যে, ব্যানারটি প্রধান অতিথি হিসেবে নাম লেখা আছে জেলা আওয়ামী লীগের সম্মানিত সভাপতি ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন। তিনি অদৃশ্য কারণে সেখানে উপস্থিত ছিলেন না।

তিনি আরো বলেন, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগে কোন বিরোধ নেই। আর কেউ বিরোধ করতে চাইলে তা কখনই মেনে নেবে না মুজিবনগরের আওয়ামী লীগের নেতৃবৃন্দ।

আপনারা এটাও জানেন যে, চার ইউনিয়ন এর মধ্যে তিন ইউনিয়নের সভাপতি দলীয় মনোনয়ন পান কিন্তু শুধু মাত্র বাগোয়ান ইউনিয়নের সাবেক সাধারন সম্পাদক দলীয় মনোনয়ন পান। বাগোয়ান ইউনিয়নের সভাপতি ও সাধারন সম্পাদক দলীয় প্রার্থীর বিপক্ষে ভোট করেন।

আর তিন ইউনিয়ন দারিয়াপুর মোনাখালী, মহাজনপুর দলীয় প্রার্থীর পক্ষে সাধারণ সম্পাদক দলীয় প্রার্থীকে সমর্থন করে। কিন্তু বাগোয়ান ইউনিয়নের বিপরীত ঘটনা ঘটে।

এ সময় মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ও উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, উপজেলা আওয়ামী লীগের যুগ্মসাধারণ সম্পাদক সোহরাব উদ্দিন, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সাধারন সম্পাদক কুতুব উদ্দিন মল্লিক সহ বাগোয়ান ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডের সভাপতি সাধারণ সম্পাদক এবং বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।